গাংনীতে প্রবাসীর বাড়িতে হামলা, মোটরসাইকেল ভাঙচুর

গাংনীর চৌগাছায় প্রবাসীর স্ত্রীর ওপর হামলা, ভাঙচুর এবং সাংবাদিককে মারধরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় নারী ও সাংবাদিকসহ তিনজন আহত হয়েছেন। গত বৃহস্পতিবার রাত ৮টার দিকে মোটরে পানি তোলাকে কেন্দ্র করে এ হামলার ঘটনা ঘটে। পরে পুলিশকে খবর দেওয়া হলে হামলাকারীরা পালিয়ে যায়। এ ঘটনায় থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

অভিযোগসূত্রে জানা গেছে, মাইলমারী গ্রামের সৌদি প্রবাসী বুলবুল আহমেদের চৌগাছা মসজিদপাড়ার বসতবাড়ির একটি কক্ষ ভাড়া নেন একই পাড়ার কাটুর ছেলে জয় ও তার স্ত্রী মালা খাতুন। ভাড়াটিয়া হিসেবে জয় ও তার স্ত্রী মালা খাতুন বসবাসরত অবস্থায় মাঝে-মধ্যে জয় স্থানীয় প্রভাব খাটিয়ে বাড়ির মালিক বুলবুলের স্ত্রী নারগিস পারভীন, তার মেয়ে সুমি এবং জামাতা সুমন আলীকে হুমকি-ধামকি দিতে থাকে।

গত বৃহস্পতিবার মোটর মেরামত করাকে কেন্দ্র করে জয় ও তার বন্ধু ও আত্মীয়-স্বজন মিলে রড ও দেশীয় রামদা দিয়ে বুলবুলের ঘরে ঢুকে জামাতা সুমন, তার স্ত্রী ও শাশুড়িকে মারধর করে। এসময় সুমনের একটি এপাচি ফোরভি মোটরসাইকেল ও ঘরের আসবাবপত্র ভাঙচুর করে এবং তাদের ঘরে অবরুদ্ধ করে রাখে। পরে পুলিশ গিয়ে আহতদের উদ্ধার করে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আহত সুমন আলী দৈনিক সময়ের চিত্র পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত। জয় একজন কিশোর গ্যাং সদস্য হিসেবে এলাকায় পরিচিত হওয়ায় সাংবাদিকের ওপর তার দীর্ঘদিনের আক্রোশ ও ক্ষোভ থাকায় সুমন আলীর ওপর হামলা চালিয়েছে বলে জানান সুমন আলী।

এ ঘটনায় নারগিস পারভীন গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেছেন। জয়ের অব্যাহত হুমকিতে প্রবাসীর পরিবার এখন বাড়িছাড়া।

গাংনী থানার ওসি উত্তম কুমার বলেন, সাংবাদিক ও তার স্ত্রী ও শাশুড়ির ওপর হামলার ঘটনার খবর পেয়ে দ্রুত পুলিশ পাঠানো হয় এবং পরিস্থিতি শান্ত করা হয়। একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে, বিষয়টি তদন্তসাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ট্রান্সফরমার চোর চক্রের সক্রিয় ৩ সদস্য গ্রেপ্তার

কৃষি নির্ভর মেহেরপুরের গাংনীতে জ্বালানি তেল সংকটে সেচ ব্যাবস্থা নিয়ে কৃষক যখন চরম দুশ্চিন্তায়, ঠিক সেই সময় সেচ পাম্পের জন্য বৈদ্যতিক খুটিতে থাকাবৈদ্যতিক ট্রান্সফরমার উদ্ধারসহ চোর চক্রের তিনজন সক্রিয় সদস্যকে গ্রেপ্তার করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার মধ্যরাতে পুলিশ গাংনী উপজেলার চেংগাড়া নামক এলাকায় অভিযান চালিয়ে চুরি হওয়া একটি ট্রান্সফরমারসহ চোর

চক্রের তিন সদস্যকে আটক করে।

গ্রেফতাররা হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার কালিকাপুর গ্রামের মতলেব প্রামানিক এর ছেলে মোঃ রহিদুল ইসলাম(৩৫),একই জেলার ভেড়ামারা উপজেলার আব্দুর রাজ্জাকের ছেলে পারভেজ হোসেন(৩২)ও আরকেজন হচ্ছেন একই উপজেলার ষোলদাগ গ্রামের মৃত সামসুল মালিথার ছেলে সজীব ইসলাম(২৮)।

পুলিশ সূত্রে জানাগেছে,রাতের বেলায় থানা পুলিশের নিয়মিত টহল চলাকালীন সময়ে গাংনী উপজেলার চেংগাড়া এলাকায় বৈদ্যতিক ট্রান্সফরমারসহ চোর চক্রের তিন সদস্য নজরে আসলে তাদের আটক করা হয়। পরবর্তীতে তাদের জিজ্ঞাসাবাদ করলে তারা শিকার করে তারা এই অঞ্চলে ট্রান্সফরমার চুরি করতেই এসে ছিলো।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস বিষয়টি নিশ্চিত করে বলেন, গ্রেপ্তারকৃদের বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা দায়ের করে আজ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে। তাছাড়া এই ট্রান্সফরমার চুরির পিছনে এলাকার কেহ জড়িত আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

গাংনীতে তেল পাম্পে বিএনপি নেতাকে বেধড়ক পিটুনি

মেহেরপুরের গাংনী উপজেলায় একটি ফিলিং স্টেশনে বিএনপি নেতাকে গণপিটুনি দেওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে উপজেলার গোপালনগর গ্রামের রুপক ফিলিং স্টেশনে এ ঘটনা ঘটে।

আহত আব্দুল ওহাব বুলবুল গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক।

স্থানীয় সূত্র জানায়, দুপুরের দিকে মোটরসাইকেলে জ্বালানি তেল নিতে ফিলিং স্টেশনে যান বুলবুল। এ সময় স্টেশনের কর্মচারী ও স্থানীয় কয়েকজন যুবকের সঙ্গে তার কথাকাটাকাটি শুরু হয়। মুহূর্তেই উত্তপ্ত পরিস্থিতি হাতাহাতি ও সংঘর্ষে রূপ নেয়। একপর্যায়ে উপস্থিত কয়েকজন মিলে তাকে বেধড়ক পিটুনি দেন।

ঘটনাস্থলে তখন কোনো পুলিশ সদস্য না থাকায় পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে ওঠে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন।

এ বিষয়ে গাংনী থানার ওসি উত্তম কুমার দাস এশিয়া পোস্টকে বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করলেন

বিএনপি নেতা

মেহেরপুরের গাংনীতে ঘোষণা দিয়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার বিরুদ্ধে। এ ঘটনায় সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ১৩ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

আজ সোমবার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতদের মধ্যে সাহারবাটি গ্রামের কড়ইতলা পাড়া এলাকার ইমন আলীর স্ত্রী রিয়া খাতুন (৪০), তরিকুল ইসলামের ছেলে শরিফুল ইসলাম (৪৩), চাঁদ আলী মোল্লার ছেলে রফিকুল ইসলাম (৬০), মুন্তাজ আলী (৫০), নেঙ্গার আলীর ছেলে হামিদুল ইসলাম (৫০), মাঠপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে মিথুন হোসেন (৩০), সামসদ্দীনের ছেলে আইনাল হক (৫০), আনসারুল ইসলাম (৬৫) ও তার স্ত্রী শাহানারা বেগম (৬০) রয়েছেন। অপরদিকে হামলাকারী বিএনপি নেতা দবির হোসেনের ভাই আব্দুল খালেক ও আব্দুল মালেক আহত হয়েছেন।

বিএনপি নেতা দবির হোসেন জানান, বিগত ১৭ বছর ধরে স্থানীয় ইউপি সদস্য আওয়ামী লীগ নেতা আব্বাস আলী তাদের পরিবারের ওপর নির্যাতন-জুলুম চালিয়ে আসছিলেন। তারা তাদের গোয়ালের গরু পর্যন্ত নিয়ে গেছে এবং মাঠের ফসল তুলতে দেয়নি। তাই ‘মারের বদলে মার’ নেওয়া হয়েছে বলে তিনি দাবি করেন।

এদিকে ইউপি সদস্য ও আওয়ামী লীগ নেতা আব্বাস আলী জানান, ৫ তারিখের পর থেকেই দবির উদ্দীন তাদের কাছ থেকে বিভিন্ন সময়ে চাঁদা দাবি করে আসছিল। তারা বেশ কয়েকবার চাঁদা দিয়েছেন। আজ আবারও চাঁদা চেয়ে না পেয়ে তার বাবা-মায়ের ওপর হামলা চালানো হয়। বর্তমানে তার বাবা কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, সকালের মারামারির পর সেখানে পুলিশ গিয়েছিল। আবারও সন্ধ্যায় মারামারি হয়েছে এমন খবর পাওয়ার পরপরই সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে এলাকা শান্ত রয়েছে। এ ঘটনায় মামলা দায়ের করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ইউপি সদস্যের বাবা- মায়ের ওপর হামলা, আহত ৫

মেহেরপুরের গাংনীর সাহারবাটীতে পূর্ব শত্রুতার জেরে ইউপি সদস্যের পিতা আনসারুল ইসলাম (৬৫) ও তার স্ত্রী শাহানারা বেগমকে পিটিয়ে জখম করেছে প্রতিপক্ষ দবীর হোসেন ও তার লোকজন। আজ সোমবার (২৩ মার্চ) সকালে এ হামলার ঘটনা ঘটে।

আহত আনসারুল ইসলামকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করা হয়েছে।

তবে আনসারুল ইসলামের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক। আহত শাহানারা বেগমকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এদিকে হামলাকারী দবীর হোসেন ও তার দুই ভাই খালেক ও আব্দুল মালেক আহত হয়েছেন বলে দাবি করেছেন। তারাও স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছেন।

আহত আনসারুল ইসলামের ছেলে স্থানীয় ইউপি সদস্য আব্বাস আলী জানান, ৫ আগস্টের পর মোটা অঙ্কের টাকা চাঁদা দাবি করে বিএনপির স্থানীয় কর্মী দবীর ও তার লোকজন। এর আগেও তিনি গোপনে কিছু টাকা দিয়েছেন।

পরে আবারও টাকা চাইলে তিনি দিতে রাজি না হওয়ায় সকালে দবীর ও তার দুই ভাই তার বাবা ও মাকে লোহার রড দিয়ে মারধর করে।

তার বৃদ্ধ বাবা ও মাকে আহত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। বাবার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় চিকিৎসক তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন।

এ বিষয়ে দবীর উদ্দীন জানান, আওয়ামী লীগ সরকারের সময় তার ওপর চরম অত্যাচার করে আব্বাস মেম্বার ও তার বাবা। জোর করে তার গোয়াল থেকে গরু-ছাগল নিয়ে যায় তারা। মাঠের আবাদ ঘরে তুলতে দেয়নি আব্বাস মেম্বার ও তার লোকজন। তাই ‘মাইরের বদলে মার’ দেওয়া হয়েছে বলে

তিনি দাবি করেন। এ সময় তার দুই ভাই আব্দুল খালেক ও মালেক আহত হয়েছে বলেও জানান।

সাবেক ইউপি সদস্য ফরমান আলী বলেন, এ হামলা খুবই ন্যাক্কারজনক। একজন বৃদ্ধ মানুষের ওপর হামলা করা উচিত হয়নি। এ হামলার তীব্র নিন্দা জানিয়ে তিনি বলেন, কোনো রাজনৈতিক দ্বন্দ্বে তাকে হামলা করা হয়নি, এটি পারিবারিক দ্বন্দ্ব। দবীর বিভিন্ন মানুষের ওপর একের পর এক হামলা ও জোরজুলুম চালিয়ে আসছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার বলেন, বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। তবে ইউপি সদস্য আব্বাস আলী লিখিত অভিযোগ করেছেন। তদন্তপূর্বক দোষীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া হবে।

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় এক অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু হয়েছে। বুধবার (১৮ মার্চ) সকাল সাড়ে ৬টার দিকে গাংনী- মেহেরপুর সড়কের পোড়াপাড়া বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী পোড়াপাড়া গ্রামের বাসিন্দা মোস্তাফিজুর রহমান জানান, অজ্ঞাত ওই বৃদ্ধ রাস্তা পার হওয়ার সময় গাড়াডোব এলাকা থেকে গাংনীমুখী দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে তিনি সড়কে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে হাসপাতালে ভর্তি করেন। পরে চিকিৎসাধীন অবস্থায় সকাল ১১টার পর তার মৃত্যু হয়।

স্থানীয় ইউপি সদস্য ফিরোজ আহমেদ জানান, নিহত বৃদ্ধ প্রায় দেড় বছর ধরে পোড়াপাড়া বাজারের বিভিন্ন দোকানের সামনে অবস্থান

করতেন। স্থানীয়দের দেওয়া খাবার খেয়েই তিনি জীবিকা নির্বাহ করতেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. এম কে রেজা ও ইশতিয়াক আহমেদ মাসুম জানান, গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন থাকা ওই বৃদ্ধ পরে মারা যান।

এ বিষয়ে গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার বলেন, নিহতের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। পাশাপাশি দুর্ঘটনায় জড়িত মোটরসাইকেল চালককে শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা করা হচ্ছে।

গাংনীতে আদর্শ শিক্ষক ফেডারেশনের ইফতার মাহফিল

পবিত্র মাহে রমজানের তাৎপর্য ও ধর্মীয় চেতনা জাগ্রত করতে মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন, গাংনী উপজেলা শাখার উদ্যোগে এক আড়ম্বরপূর্ণ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আয়োজিত এ মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য নাজমুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির মোঃ রবিউল ইসলাম। এছাড়াও মেহেরপুর জেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন ইসলাম (বকুল) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আবুল হাশেম।

ইফতার মাহফিলে বক্তারা বলেন, রমজান হলো আত্মশুদ্ধি, সংযম ও মানবিক মূল্যবোধ গঠনের এক মহিমান্বিত মাস। এ মাসের শিক্ষা কাজে

লাগিয়ে ব্যক্তি ও সমাজজীবনে ন্যায়-নীতি, সততা ও ভ্রাতৃত্ববোধ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন তারা। পাশাপাশি দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও নৈতিক শিক্ষার প্রসারে শিক্ষক সমাজকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় আদর্শ শিক্ষক ফেডারেশনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন নিয়মিতভাবে এ ধরনের ধর্মীয় ও সামাজিক কর্মসূচি আয়োজন করে আসছে, যা সমাজে সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সিয়াম সাধনা মানুষের জীবনে ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য নাজমুল হুদা বলেছেন, মোমিন মুসলমানদের আল্লাহর নির্দেশিত পথে চলতে হবে এবং পারস্পরিক ভ্রাতৃত্ববোধ গড়ে তুলে একটি সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা করতে হবে। তিনি বলেন, পবিত্র রমজান শুধু সংযমের মাস নয়, এটি আত্মশুদ্ধি ও মানবিক মূল্যবোধ জাগ্রত করার এক অনন্য সুযোগ।

মঙ্গলবার গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের মল্লিক ট্রেডার্স অ্যান্ড ফার্নিচারের উদ্যোগে আয়োজিত ইফতার পূর্ব আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মল্লিক ট্রেডার্সের স্বত্বাধিকারী রাসেল মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম মুখ্য সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদ,

গাংনী উপজেলা জামায়াতের আমীর ডা. মো. রবিউল ইসলাম, সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, সূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা জাহাঙ্গীর আলম এবং কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জামায়াত নেতা মু. আলম হুসাইনসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হুদা আরও বলেন, এক মাসের সিয়াম সাধনা মানুষের জীবনে ধৈর্য, সহনশীলতা ও আত্মসংযমের শিক্ষা দেয়, যা বাকি ১১ মাসেও অনুসরণ করা উচিত। রমজানের এই শিক্ষাকে কাজে লাগিয়ে সমাজ থেকে হিংসা, বিদ্বেষ ও অনৈতিকতা দূর করে পারস্পরিক সহমর্মিতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হবে।

তিনি আরও বলেন, অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো, দান-সদকা বৃদ্ধি করা এবং মানবিক মূল্যবোধ চর্চার মাধ্যমেই রমজানের প্রকৃত তাৎপর্য বাস্তবায়ন সম্ভব। সবাইকে রমজানের শিক্ষা ধারণ করে দেশ ও সমাজের কল্যাণে কাজ করার আহ্বান জানান তিনি।

আলোচনা সভা শেষে দোয়া ও ইফতারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারী গ্রামের একটি পুকুরের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে মর্মান্তিক এ ঘটনা ঘটে।

স্থানীয় সুত্রে জানা গেছে, মাইলমারী গ্রামের ভ্যান চালক আকাশ আলীর ৪ বছর বয়সী শিশু পুত্র ইউসুফ আলী এবং তার প্রতিবেশী আব্বাস আলীর ৩ বছর বয়সী শিশু পুত্র আদিব হোসেন একসাথে খেলছিল।

বাড়ির মধ্যে খেলতে খেলতে পরিবারের অগোচরে পার্শ্ববর্তী পুকুরে চলে যায় তারা। পরিবারের লোকজন তাদেরকে খুঁজে না পেয়ে পুকুরে

সন্ধান চালায়। এক পর্যায়ে পুকুর থেকে তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে দায়িত্বরত ডাঃ ফারুক আহম্মেদ জানান, হাসপাতালে পৌঁছুনোর আগেই তাদের মৃত্যু হয়েছে। মরদেহ পরিবারের সদস্যর কাছে হস্তান্তর করেছে হাসপাতাল কর্তৃপক্ষ।

গাংনীর বামন্দীতে রমজানের তাৎপর্য নিয়ে আলোচনা ও ইফতার মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি ও বিশ্বাস পরিবারের উদ্যোগে পবিত্র মাহে রমজানের তাৎপর্য শীর্ষক আলোচনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগের পারিবারিক চত্বরে ইফতারপূর্ব আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন রাশিদুল ইসলাম সোহাগ। প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা জাসাসের সভাপতি বাকা বিল্লাহ, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক এবং জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব।

ইফতার মাহফিলে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, শিক্ষক, ব্যবসায়ী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার পাঁচ শতাধিক মানুষ অংশ নেন।

উল্লেখ্য, বামন্দী বিশ্বাস পরিবারের পক্ষ থেকে প্রতিবছরই এই

ইফতার মাহফিলের আয়োজন করা হয়ে থাকে।